



ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Dhaka Customs Agents Association

ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942

প্রচারপত্র নং-৬৭/২০২৩

তারিখ : ২৫/০১/২০২৩ইং

Govt. Reg. No.-2960

জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মৌলিক অধিকার পরিপন্থি কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্সিং বিধিমালা-২০২০ এবং পণ্য চালান শুদ্ধায়নে এইচএস কোড ও সিপিসি নির্ধারণে প্রণীত বিতর্কিত আইন এবং বিভিন্ন বিধি-বিধান বাতিল ও সংশোধনের লক্ষ্যে ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের আহবানে সারা বাংলাদেশের সকল কাস্টম হাউস ও শুদ্ধ স্টেশনে আগামী ৩০ ও ৩১ শে জানুয়ারি-২০২৩ইং, রোজ সোম ও মঙ্গলবার পূর্ণ দিবস কর্মবিরতি পালনের কর্মসূচী বাস্তবায়ন করার অনুরোধ প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ,

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্সিং বিধিমালা-২০২০ এ সিএন্ডএফ এজেন্টদের মৌলিক অধিকার পরিপন্থি কতিপয় ধারা ও উপ-ধারা এবং পণ্য চালান শুদ্ধায়নে এইচএস কোড ও সিপিসি নির্ধারণে প্রণীত বিতর্কিত আইন ও বিধি এবং বিভিন্ন বিধি-বিধান বাতিল ও সংশোধনের লক্ষ্যে ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছেন। সিএন্ডএফ এজেন্টদের ন্যায় সংগত দাবী বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃপক্ষ বরাবরে একাধিকবার লিখিত অনুরোধ জানানো হয়েছে। কিন্তু অদ্যাবধি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃপক্ষ বিধিমালা সংশোধনের কার্যকর কোন পদক্ষেপ গ্রহণ করেননি। একই বিষয়ে গত ২১-০১-২০২৩ইং তারিখে ফেডারেশনের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের সভা আহবান করা হয়। উক্ত সভায় সারা বাংলাদেশের সকল কাস্টম হাউস ও শুদ্ধ স্টেশনে আগামী ৩০ ও ৩১ শে জানুয়ারি-২০২৩ইং, রোজ সোম ও মঙ্গলবার পূর্ণ দিবস কর্মবিরতি পালনের কর্মসূচী ঘোষণা করা হয়। উক্ত কর্মবিরতি পালনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করনের লক্ষ্যে আগামী ২৯-০১-২০২৩ইং তারিখে ফেডারেশনের নেতৃবৃন্দ সংবাদ সম্মেলন করবেন।

সূতরাং ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন এর আহবানে সিএন্ডএফ এজেন্টদের মৌলিক অধিকার পরিপন্থি ও বিতর্কিত আইন ও বিধি বাতিলের দাবীতে আগামী ৩০ ও ৩১ শে জানুয়ারি-২০২৩ইং, রোজ সোম ও মঙ্গলবার পূর্ণ দিবস কর্মবিরতি পালনের কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে কর্মবিরতি পালনের মাধ্যমে আন্দোলন কর্মসূচী সফল করার জন্য আপনার সক্রিয় সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে

(মোঃ খায়রুল বাশার)

সাধারণ সম্পাদক

HEAD OFFICE

&

MAILING ADDRESS

3/C, New Baily Road

Ramna, Dhaka.

Phone: 88 02222225942

PABX: 48312757, 48317328

E-mail: dcaa.2009@gmail.com

Website: www.dcaadhaka.org

BRANCH OFFICE

AIR FREIGHT UNIT OFFICE

C & F Bhaban

Hazrat Shahjalal Int'l Airport

Kurmitola, Dhaka-1230

CUSTOM HOUSE OFFICE

Custom House (1st Floor),

Kurmitola, Dhaka.

Phone: 8901240

ASYCUDA WORLD OFFICE

Custom House (G.F)

Hazrat Shahjalal Int'l Airport

Kurmitola, Dhaka.

Phone: 8901242, 8901331

ICD KAMALAPUR OFFICE

Custom House, ICD,

Kamalapur, Dhaka-1000

Phone: 58311105, 48311584

SAVAR OFFICE

DEPZ Customs Station,

Ganakbari, Savar, Dhaka.

Phone: 996689434

ADAMZEE OFFICE

Adamzee EPZ Customs Station

Siddirganj, Narayanganj

PANGAON OFFICE

Pangaon Custom House

Pangaon, Keraniganj

Dhaka